

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ১৭, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

অধিশাখা-৬

প্রজ্ঞাপন

তারিখঃ ২০ কার্তিক ১৪২২ বঙ্গাব্দ/৮ নভেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৬.৩৪.০০২.১১-১১২।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে Linde (BOC) Bangladesh Limited এর ঢাকা, চট্টগ্রাম ও নারায়ণগঞ্জে অবস্থিত প্রতিষ্ঠানসমূহকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০০, ১০১, ১০২, ১০৩, ১০৫ ও ১১৪ (১) এর বিধানসমূহের প্রয়োগ হইতে নিম্নবর্ণিত শর্তে ০১ ডিসেম্বর, ২০১৫ থেকে ৩১ মে, ২০১৬ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল :

শর্তাবলী :

- (১) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১০৪ ধারা অনুযায়ী সংশ্লিষ্ট শ্রমিকদেরকে ক্ষতিপূরণসমূহ সাংগঠিক প্রদান করিতে হইবে।
- (২) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারার বিধান থেকে অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরীর দ্বিগুণ হারে মজুরী প্রদান করিতে হইবে।
- (৩) কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাবে।

২। ইহা ১৮ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/১ ডিসেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মহিউদ্দিন আহমেদ খান
উপসচিব

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

ড. মহিউদ্দিন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(৯০২৫)

মূল্য : টাকা ৮.০০